# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮৮৭

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ সর্বাবস্থায় আল্লাহর কাছে দু'আ করা ইবাদতের অন্তর্ভূক্ত, যার মাধ্যমে আল্লাহর নৈকট্য লাভ করা যায়

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ دُعَاءَ الْمَرْءِ رَبَّهُ فِي الْأَحْوَالِ مِنَ الْعِبَادَةِ الَّتِي يُتَقَرَّبُ بِهَا إِلَى الله جل وعلا

---

আরবী

887 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ قَالَ: حَدَّثَنَا جَرِيرٌ عَنْ مَنْصُورٍ عَنْ ذَرٍّ عَنْ يُسَيْعٍ الْحَضْرَمِيِّ عَنِ النُّعْمَانِ بْنِ بَشِيرٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم: (الدعاء هو العبادة) ثم قرأ الْآيَةَ {ادْعُونِي أَسْتَجِبْ لَكُمْ إِنَّ الَّذِينَ يَسْتَكْبِرُونَ عن عبادتي سيدخلون جهنم داخرين} [غافر: 60]
الراوي : النُّعْمَان بْن بَشِيرٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 887 | خلاصة حكم المحدث:. صحيح ـ

বাংলা

৮৮৭. নু'মান বিন বাশির রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “দু'আ হলো ইবাদত।” তারপর তিনি নিচের আয়াত পাঠ করেনঃ ادْعُونِي أَسْتَجِبْ لَكُمْ، إِنَّ الَّذِينَ يَسْتَكْبِرُونَ عَنْ عِبَادَتِي سَيَدْخُلُونَ جَهَنَّمَ دَاخِرِينَ [অর্থ: তোমরা আমার কাছে দু'আ করো, আমি তোমাদের ডাকে সাড়া দিব, নিশ্চয়ই যারা আমার ইবাদত করা থেকে অহংকার করবে, অচিরেই তারা জাহান্নামে প্রবেশ করবে লাঞ্ছিত অবস্থায়। (সূরা গাফির: ৬০।)][1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/২৬৭; তিরমিযী: ৩২৪৭; হাকিম: ১/৪৯০; বাগাবী, শারহুস সুন্নাহ: ১৩৮৪; আত তায়ালিসী: ৮০১; আবূ দাউদ: ১৪৭৯; ইমাম বুখারী, আদাবুল মুফরাদ: ৭১৪; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১০/২০০; ইবনু মাজাহ: ৩৩৭২; নাসাঈ, আস সুনান আল কুবরা: ৯/৩০।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১৩২৯।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ নু’মান ইবনু বশীর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89391

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন